

# 'আনিসুল হকের স্বপ্ন বাস্তবায়ন করবে ডিএনসিসি'

নিজস্ব প্রতিবেদক

প্রকাশিত: ১১:১৯ এএম, ০৪ ডিসেম্বর ২০১৭



ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (ডিএনসিসি) প্রয়াত মেয়র আনিসুল হকের সব স্বপ্নের বাস্তবায়ন করবে বলে জানিয়েছেন প্যানেল মেয়র ওসমান গণি।

সোমবার রাজধানীর ফার্মগেটে আনন্দ সিনেমা হলের পাশে ক্লোজ সার্কিট ক্যামেরা ও সুপেয় পানীয় জলের সুবিধাসম্বলিত একটি অত্যাধুনিক যাত্রী ছাউনি ও টয়লেট উদ্বোধনকালে তিনি এ কথা বলেন।

সোশ্যাল মার্কেটিং কোম্পানির (এসএমসি) আর্থিক সহযোগিতায় এবং ডিএনসিসির তত্ত্বাবধানে নির্মিত এ যাত্রী ছাউনি ও পাবলিক টয়লেটটির যথাযথ রক্ষণাবেক্ষণের জন্য জনপ্রতিনিধিদের পাশাপাশি সাধারণ মানুষকেও আহ্বান জানান তিনি। ডিএনসিসির প্রধান নির্বাহী কর্মকর্তা মো. মেসবাহুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানের শুরুতে প্রয়াত মেয়র আনিসুল হকের স্মরণে এক মিনিট নীরবতা পালন ও মোনাজাত করা হয়।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন সোশ্যাল মার্কেটিং কোম্পানি এন্টারপ্রাইজের (এসএমসি) পরিচালক মোহাম্মদ আলী। তিনি বলেন প্রয়াত মেয়র আনিসুল হকের আহ্বানে সাড়া দিয়ে এ যাত্রী ছাউনি ও টয়লেট নির্মাণে সহযোগিতা দিতে পেরে এসএমসি আনন্দিত।

তিনি নগরবাসীর সঙ্গে একাত্মতা প্রকাশ করে বলেন, প্রয়াত মেয়র আনিসুল হকের স্বপ্নগুলো বাস্তবায়ন করতে আমরা যেন সবাই সক্রিয় হই।

সভাপতির বক্তব্যে মেসবাহুল ইসলাম বলেন, ডিএনসিসিতে এরকম ১০০ যাত্রী ছাউনি ও পাবলিক টয়লেট নির্মাণের পরিকল্পনা আনিসুল হকের ছিল। আমরা তা বাস্তবায়ন করবো।

অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, ডিএনসিসির প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা কামোডার আবদুর রাজ্জাক, প্রধান সম্পত্তি কর্মকর্তা মো. আমিনুল ইসলাম, এসএমসি-র ব্যবস্থাপনা পরিচালক আলী রেজা খান প্রমুখ।

এএস/এএইচ/এমএস